

পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা পর্ষদ

মাওলানা আবুল কালাম আজাদ ভবন
ডি ডি - ৪৫, সেক্টর - ১, সল্টলেক, কলকাতা - ৭০০ ০৬৪

Email Id : wbbme2011@gmail.com

পত্রাঙ্ক : 183/Aca/20

দিনাঙ্ক : 06/02/2020

ব্রীজ কোর্স সংক্রান্ত বিষয়ে

মাদ্রাসা প্রধানদের প্রতি নির্দেশিকা :

- অ্যাকাডেমিক কাউন্সিলের সঙ্গে আলোচনা করে মাদ্রাসার মাননীয় প্রধান শিক্ষক-শিক্ষিকা, ভারপ্রাপ্ত শিক্ষক-শিক্ষিকা ও সুপারিনটেনডেন্টগণ পঞ্চম শ্রেণির বাংলা / উর্দু ইংরেজি, ও গণিত বিষয়ের শিক্ষার্থীদের জন্য সহকারী শিক্ষক/শিক্ষিকা নির্দিষ্ট করবেন। কেবলমাত্র সিনিয়র মাদ্রাসার ক্ষেত্রে আরবি বিষয়টিও অন্তর্ভুক্ত হবে।
- এই ব্রীজ কোর্সটি চালু করার মূল লক্ষ্য হল মাদ্রাসার কম-বেশি ৪৮টি কার্যকরী পঠন-পাঠনের দিনকে (জানুয়ারি থেকে এপ্রিল মাস পর্যন্ত) ব্যবহার করে পঞ্চম শ্রেণির সকল শিক্ষার্থীকে শোনা, বলা, পড়া ও লেখায় ওই শ্রেণির উপযোগী সামর্থ্য অর্জনে পারদর্শী করে তোলা।
- কোর্সটির শুরুতে সকল ছাত্র-ছাত্রীকে একটি ভিত্তি নির্ণায়ক অভীক্ষার (Base Line Test) মাধ্যমে তাদের শিখনস্তর নির্ণয় করতে হবে এবং নির্দিষ্ট সময় (কম-বেশি ৪৮ দিন) পর পুনরায় একটি অভীক্ষা (End Line Test) এর মাধ্যমে সকল শিক্ষার্থীর শিখনস্তর নির্ণয় করে তুলনামূলক একটা প্রতিবেদন তৈরি করতে হবে। এর থেকে বোঝা যাবে শিক্ষার্থীরা কতট উন্নতি করল।
- পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা পর্ষদ থেকে বিভিন্ন বিষয়ে 'নমুনা ভিত্তি নির্ণায়ক প্রশ্নমালা' (Base Line Test Questionnaires) পর্ষদের ওয়েবসাইটে দেওয়া হয়েছে। নির্বাচিত শিক্ষক-শিক্ষিকা মহাশয়/মহাশয়াগণ পঞ্চম শ্রেণির সকল শিক্ষার্থীকে নিয়ে নির্ধারিত দিনগুলিতে বাংলা / উর্দু ইংরেজি, আরবি (সিনিয়র মাদ্রাসার জন্য) ও গণিতের বছরের শুরুতে ভিত্তি নির্ণায়ক অভীক্ষা নেবেন। উত্তরপত্র মূল্যায়নের মাধ্যমে প্রতিটি বিষয়ে সামর্থ্যের ভিত্তিতে শিক্ষার্থীদের তিনটি দলে ভাগ করবেন, যথা - দুর্বল, সাধারণ এবং ভালো। এরপর প্রত্যেক বিষয় শিক্ষক-শিক্ষিকা মহাশয়/মহাশয়া কম-বেশি ৪৮ টি শিখন দিন পাবেন এবং প্রতিটি শিখন দিনের জন্য ০১ টি করে শিখন ঘন্টা (প্রতিটি শিখন ঘন্টার সময়কাল ০১ ঘন্টা) পাবেন। উক্ত সময়ের মধ্যে বিভিন্ন শিখন সহায়কের সাহায্যে এবং মাদ্রাসা-প্রধান ও অন্যান্য সহযোগী শিক্ষক-শিক্ষিকা মহাশয়/মহাশয়ার সঙ্গে আলোচনা করে প্রত্যেক শিক্ষার্থীর শিখন ঘাটতি পূরণের লক্ষ্যে নিম্নলিখিত সূচি অনুসরণে কোর্সটি শুরু করবেন। মাদ্রাসা প্রধানের সহযোগিতায় শিক্ষক-শিক্ষিকার প্রয়োজনীয় সেতু পাঠক্রমের উপযোগী শিখন-সামগ্রী নকশা / তৈরি করবেন।

শিক্ষাদান সূচি : প্রতি বছর জানুয়ারি থেকে এপ্রিল মাস পর্যন্ত

সময়কাল	বিষয়	মন্তব্য
১০.৫০ - ১১.৫০ মিনিট	বাংলা / উর্দু	
১১.৫১ - ১২.৫০ মিনিট	ইংরেজি	
১২.৫১ - ০১.৩০ মিনিট	বিরতি	
০১.৩১ - ০২.৩০ মিনিট	গণিত	
০২.৩১ - ০৩.৩০ মিনিট	আরবি	সিনিয়র মাদ্রাসার জন্য

- পাঠদান পর্ব এপ্রিলের দ্বিতীয় সপ্তাহে শেষ করতে হবে। এপ্রিলের তৃতীয় সপ্তাহে বা মাদ্রাসার প্রথম পার্বিক পরীক্ষার সূচি অনুযায়ী অর্জিত সক্ষমতা যাচাইয়ের জন্য একটি অভীক্ষা (End Line Test) নিতে হবে। মাস শেষে প্রত্যেক শিক্ষার্থীর সামর্থ্য ভিত্তিক প্রাপ্ত নম্বরের তালিকা প্রস্তুত করতে হবে এবং ভিত্তি নির্ণায়ক অভীক্ষায় প্রাপ্ত নম্বরের সঙ্গে তুলনা করলেই বোঝা যাবে শিক্ষার্থী কতট উন্নতি করেছে। প্রত্যেক ছাত্রছাত্রীর প্রাথমিক সক্ষমতার (কোর্সটি শুরু হওয়ার পূর্বে) সঙ্গে কোর্সটি সম্পন্ন হওয়ার পরের সক্ষমতা (শোনা, বলা, পড়া ও লেখা) অর্জনের তুলনামূলক প্রতিবেদন মাদ্রাসা শিক্ষা পর্ষদে সত্বর পাঠাতে হবে।
- উপরিউক্ত পদ্ধতি মেনে প্রতি বছরের শুরুতে (জানুয়ারি থেকে এপ্রিল মাস পর্যন্ত) পঞ্চম শ্রেণির সকল ছাত্র-ছাত্রীর জন্য এই ব্রীজ কোর্সটি চালু থাকবে। পুনরায় নির্দেশ না দেওয়া পর্যন্ত এই ধারা জারি থাকবে।

সচিব
০৬/০২/২০২০

পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা পর্ষদ

পত্রাঙ্ক : 183/1(6)/Aca/20

দিনাঙ্ক : 06/02/2020

চিঠির অনুলিপি আপনাদের জ্ঞাতার্থে প্রেরণ করা হল :

- ১) মাননীয় সচিব, সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, নবাব, হাওড়া।
- ২) মাননীয় অধিকর্তা, মাদ্রাসা শিক্ষা অধিকার, বিকাশ ভবন, সল্টলেক, কলকাতা।
- ৩) ব্যক্তিগত সচিব, প্রতিমন্ত্রী, সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, রাইটস বিল্ডিং, কলকাতা।
- ৪) জেলা বিদ্যালয় পরিদর্শক (মাধ্যমিক শিক্ষা), পশ্চিমবঙ্গের সকল জেলা।
- ৫) আপ্ত-সহায়ক, মাননীয় পর্ষদ সভাপতি, পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা পর্ষদ।
- ৬) নথি পুস্তিকা।

উপ সচিব
পশ্চিমবঙ্গ মাদ্রাসা শিক্ষা পর্ষদ